# ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড

## বিজ্ঞপ্তি

এতদ্বারা ত্রিপুরার সমস্ত সম্মানিত বিদ্যুৎ ভোক্তা সাধারনের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে বিদ্যুৎ আইন, ২০০৩ এর ৬২ এবং ৮৬ নং ধারা সহ অন্যান্য বাধ্যতামুলক প্রনিয়মানুসারে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড অর্থ বছর ২০২৩-২৪ এর নিরিখের যথার্থকরন তৎসহ ২০২৪-২৫ থেকে ২০২৫-২৬ এর জন্য মাল্টি ইয়ার ট্যারিফ পিটিশন, ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের কাছে দাখিল করেছে এবং এটি গত ২ই সেপ্টেম্বর ২০২৫ ইং তারিখে গ্রহনযোগ্য হয়েছে। বিদ্যুৎ মাশুল সংক্রান্ত সারমর্ম নিচে দেওয়া হল :

## বিদ্যুৎ মাশুল সংক্রান্ত আবেদনের সারমর্ম

| | | | |
|---|---|---|---|
| ১) | ২০২৩-২৪ অর্থ বছরের নিরিখের যথার্থকরন তৎসহ ২০২৪-২৫ থেকে ২০২৫-২৬ পর্যন্ত চতুর্থ নিয়ন্ত্রিত সময়কালে মাল্টি ইয়ার ট্যারিফ পিটিশন এর আবেদন । | | |
| ২) | অনুমতিপ্রাপ্ত সংস্থা (লাইসেন্সী) | : | ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড |
| ৩) | অনুমতিপ্রাপ্ত সংস্থার ঠিকানা | : | ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, বিদ্যুৎ ভবন, উত্তর বনমালীপুর, আগরতলা, পিন:- ৭৯৯০০১ |
| ৪) | প্রস্তাবিত বিদ্যুৎ মাশুল কার্য্যকর হবে | : | ০১/০৯/২০২৫ |
| ৫) | প্রত্যাসিত বার্ষীক রাজস্ব প্রয়োজন অর্থবছর ২০২৫-২৬ | : | **২৫০৭.০৩ কোটি টাকা** |
| ৬) | বর্তমান মাশুল হারে ২০২৩-২৪ এর প্রত্যাশিত রাজস্বের পরিমান | : | • আন্তরাজ্য রাজস্ব : ১০০৭.১৩ কোটি টাকা<br>• আন্তররাজ্য রাজস্ব : ১,০০১.৮৫ কোটি টাকা<br>• রাজ্য সরকারের ভর্তুকি ৬০.০০ কোটি টাকা<br>**সর্বমোট রাজস্ব : ২০৬৮.৯৮ কোটি টাকা (অর্থবছর ২০২৫-২৬)** |
| ৭) | বিদ্যুৎ মাশুল বৃদ্ধির মাধ্যমে মোট প্রত্যাশিত রাজস্বের ব্যবধান পুনরুদ্ধারের প্রস্তাব | : | • ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত ব্যবধান : ৫০০.৪৯ কোটি টাকা (Truing-up)<br>• ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত ব্যবধান : ৫০৯.৪০ কোটি টাকা (Provisional Truing-up)<br>• ২০২৫০২৬ অর্থবছরের প্রস্তাবিত ব্যবধান : ৪৩৯.০৫ কোটি টাকা (Projected)<br>**সর্বমেট ব্যবধান : ১,৪৪৭.৯৪ কোটি টাকা (যথার্থকরন এবং মুলতুবি নিয়ন্ত্রক সম্পদের ফলে ব্যবধানসহ)** |
| ৮) | প্রস্তাবিত মাশুলের আবেদনের মূল প্রতিপাদ্য বিষয় | : | ২০২৩-২৪ অর্থ বছরের নিরিখে যথার্থকরন তৎসহ ২০২৪-২৫ থেকে ২০২৫-২৬ পর্যন্ত চতুর্থ নিয়ন্ত্রিত সময়কালে মাল্টি ইয়ার ট্যারিফ পিটিশন এর আবেদন । |
| ৯) | প্রস্তাবিত মাশুল বৃদ্ধির / হ্রাসের প্রধান কারনগুলি | : | বিদ্যুৎ ক্রয় খরচ বৃদ্ধি যাহা CERC প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হয়, প্রাকৃতিক গ্যাসের দামে সাম্প্রতিক বৃদ্ধি, আন্তঃরাজ্য বিদ্যুৎ পরিবহন খরচ বৃদ্ধি, কর্মচারী খরচ বৃদ্ধি এবং গত কিছু বছরের মূল্যস্ফীতি বৃদ্ধি । |
| ১০) | প্রযোজ্য শর্তাবলীর নিরিখে প্রস্তাবিত মূল পরিবর্তন গুলির বর্ননা | : | • শিল্পে ক্রমবর্ধমান উনিটের ব্যবহারের জন্য ছাড়,<br>• গ্রিনফিল্ড ইন্ডাস্ট্রিজের জন্য ছাড়,<br>• পাওয়ার ইনটেনসিভ ইন্ডাস্ট্রিজের জন্য লোড ফ্যাক্টর ছাড়,<br>• IT এবং ITES গ্রাহকদের জন্য পৃথক ট্যারিফ বিভাগ,<br>• শিল্প গ্রাহকদের জন্য পাওয়ার ফ্যাক্টর রিবেট/জরিমানা,<br>• সকল প্রকার গ্রহকের ফিক্সড চার্য বৃদ্ধি ও বিদ্যুৎ শুল্কের বিস্তারিত ট্যারিফ পিটিশনের ট্যারিফ ডিজাইনের ৮ নং শাখায় বর্ণিত আছে ।<br>এছাড়াও, ১৪/০৮/২০২৪ ইং তারিখের পূর্ববর্তী ট্যারিফ আদেশ অনুসারে, রেলওয়ে / ট্র্যাকশন লোডের জন্য এবং অ-গৃহস্থালী ও অ-বাণিজ্যিক বিভাগ নামে একটি পৃথক ট্যারিফ বিভাগ চালু কারা হয়েছে এবং রাজস্বের প্রয়োগনিয়তার জন্য এই ট্যারিফ বিবেচনা করা হয়েছে । |
| ১১) | নিগম কর্তৃক প্রস্তাবিত মাশুল সংক্রান্ত আবেদন পরিদর্শনের স্থান | : | ১/ নিগমের অফিসিয়েল ওয়েবসাইট : www.tsecl.in ।<br>২/ ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগ, ভুতুরিয়া, উত্তর বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা, পিন:- ৭৯৯০০১. ফোন নম্বর:- ০৩৮১-২৩২৬৩৭২ / ২৩০০১৩৭, www.terc.tripura.gov.in ।<br>৩/ বিদ্যুৎ ভবন, ম্যানেজিং ডিরেক্টর এর অফিস, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, আগরতলা, ফোন : ২৩১-৮০০১ । |
| ১২) | এই বিদ্যুৎ মাশুল সংক্রান্ত আবেদনের উপর আপত্তি বা মতামত থাকলে সরাসরি (৫ কপি) সেক্রেটারি, ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগ, আগরতলা উপরন্তু ই-মেইল এর মাধ্যমে (secy.terc-tr@tripura.gov.in) এবং তাঁর প্রতিলিপি ম্যানেজিং ডিরেক্টর, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, বিদ্যুৎ ভবন, উত্তর বনমালীপুর, আগরতলা, পিন:- ৭৯৯০০১ এই ঠিকানায় উপরন্তু ই-মেইল এর মাধ্যমে (managing.director@tsecl.in এবং ডি.জি.এম (কম. এন্ড টারিফ), TSECL ই-মেইল এর মাধ্যমে dgm.commandtariff@tsecl.in আগামী **১৮ই অক্টোবর ২০২৫ইং, বিকাল ৫ ঘটিকা** এর মধ্যে দাখিল করতে হবে । আপত্তি বা মতামত অবশ্যই যথাযথ দস্তখত এবং যাচাই করে হলফনামা (এফিটএভিড) মুলে ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের কন্ডাক্ট অব বিজনেস্ রেগুলেশান - ২০১৫ (ফর্ম-২) নিয়মাবলী অনুযায়ী দাখিল করতে হবে (ফর্ম-২) পাওয়া যাবে যথাক্রমে ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের অফিসে / ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের অফিসে বা ওয়েবসাইট https://terc.tripura.gov.in এবং www.tsecl.in এবং ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের সকল সার্কেল অফিসে । | | |

**এই বিজ্ঞপ্তিটি ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রন আয়োগের আদেশানুসারে প্রকাশিত হল ।**

ব্যবস্থাপনা পরিচালক

ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, আগরতলা